

ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) কার্যক্রম পরিচালনার জন্য ওএমএস নীতিমালা-২০২৪ এবং উপজেলা ওএমএস কমিটির ২৪/১১/২০২৪ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক জুড়ী উপজেলার (১) কামিনিগঞ্জ বাজার, (২) পোস্ট অফিস রোড ও (৩) জুড়ী থানা সংলগ্ন স্থানে জরুরী ভিত্তিতে ১ জন করে মোট ৩(তিন) জন ওএমএস ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী পালনপূর্বক নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।


শর্তাবলী ও যোগ্যতা

- ১। আবেদনকারীকে ৫০০/- (পাঁচশত) টাকা খাদ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কোড “১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯” অন্যান্য আদায়” খাতে চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি প্রদর্শন পূর্বক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে আবেদন ফর্ম গ্রহণ করতে হবে। আবেদন ফর্ম যথাযথ ভাবে পূরণ করে তার সাথে ক) চালানের মূল কপি, খ) ২ কপি পাসপোর্ট সাইজের ছবি গ) জাতীয় পরিচয়পত্রের কপি ঘ) নাগরিকত্ব সনদের কপি ঙ) খাদ্যশস্য ব্যবসার (ফুডগ্রেইণ) লাইসেন্সের কপি চ) আর্থিক সচ্ছলতার সনদ ছ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে হালনাগাদ ট্রেড লাইসেন্স জ) নির্ধারিত অঙ্গীকারনামা ঝ) ৩ মেঃটন এর অধিক খাদ্যশস্য ধারণক্ষম দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত দলিলাদি সংযুক্তপূর্বক মুখবন্ধ খামে নির্ধারিত বক্সে জমা প্রদান করতে হবে। খামের ওপর আবেদিত কেন্দ্রের নাম, নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে। দাখিলকৃত সকল ডকুমেন্টের ফটোকপি ১ম শ্রেণির গ্যাজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ২। একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক সংখ্যক ডিলার আবেদন করলে যোগ্য আবেদনকারীগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) লটারির মাধ্যমে ডিলার নির্বাচিত করা হবে।
- ৩। আবেদনকারীর বয়স ৩০/১১/২০২৪ খ্রি. তারিখে ১৮(আঠার) বছর হতে হবে এবং মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
- ৪। কমিটি প্রয়োজনে যে কোন স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করার নির্দেশ দিতে পারবে।
- ৫। “নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- ৬। ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/ট্যাব/কম্পিউটার থাকতে হবে এবং প্রদত্ত অ্যাপস ব্যবহার করতে হবে।
- ৭। পূর্ববর্তী নীতিমালার আলোকে নিয়োগকৃত ডিলারগণ আবেদন করতে পারবেন।
- ৮। ডিলার হিসেবে নিয়োগপ্রাপ্ত হলে যোগদানের পূর্বে জামানত হিসেবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার (ফেরতযোগ্য) এবং ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জুড়ী এর অনুকূলে জমা দিতে হবে।
- ৯। আবেদনপত্র ৩০-১১-২০২৪ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত বাক্সে জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- ১০। একজন ব্যক্তি একাধিক বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন না। একই ব্যক্তি একাধিক কেন্দ্রের জন্য আবেদন করলে সকল আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।
- ১১। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার এবং পূর্বে শাস্তি প্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যেকোনো অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি আবেদন করতে পারবেন না।
- ১২। খাদ্য অধিদপ্তরের কোন ঠিকাদার, মিলার, খাদ্যবান্ধব ডিলার হিসাবে কর্মরত কোন ব্যক্তি বা তাঁর উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না।
- ১৩। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।



- ১৪। পরবর্তীকালে জারীকৃত সরকারি নির্দেশনা সমূহ প্রযোজ্য হবে।  
১৫। কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয় পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।  
১৬। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।  
১৭। এ সংক্রান্ত বিস্তারিত শর্তাবলী ও তথ্যাদি অফিস চলাকালীন সময়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জুড়ী এবং <http://food.juri.moulvibazar.gov.bd> হতে জানা যাবে।

উপজেলা ওএমএস কমিটির অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

  
(বিনয় কুমার দেব)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অঃদাঃ)  
জুড়ী, মৌলভীবাজার।  
তারিখঃ- ২৪/১১/২০২৪ খ্রি.

স্মারক নং- ১৩.০১.৫৮৩৫.০০৭.৫৭.০৫৩.১৩.৪৫৪(১২)

অনুলিপিঃ সদয় অবগতি /অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২। জেলা প্রশাসক, মৌলভীবাজার;
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট;
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী ও সভাপতি উপজেলা ওএমএস কমিটি;
- ৫। উপজেলা কৃষি অফিসার, জুড়ী ও সদস্য, উপজেলা ওএমএস কমিটি;
- ৬। উপজেলা শিক্ষা অফিসার, জুড়ী ও সদস্য, উপজেলা ওএমএস কমিটি;
- ৭। চেয়ারম্যান, জায়ফরনগর ইউনিয়ন পরিষদ, জুড়ী ও সদস্য উপজেলা ওএমএস কমিটি;
- ৮। অফিসার ইনচার্জ, জুড়ী থানা, জুড়ী, মৌলভীবাজার।
- ৯। সভাপতি/সাধারণ সম্পাদক, জুড়ী প্রেস ক্লাব।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জুড়ী এলএসডি।
- ১১। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
- ১২। অফিস কপি।

  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

জুড়ী, মৌলভীবাজার।